



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

পাবিপ্রবিতে প্রথম বারের মতো একাডেমিক কাউন্সিলের শিক্ষক প্রতিনিধি নির্বাচন



পাবিপ্রবিতে ১ম একাডেমিক কাউন্সিলের সদস্য নির্বাচন, ২০১৮ অনুষ্ঠিত হয়।

(০৬/০৫/২০১৮): আজ রোববার পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে প্রথম বারের মতো একাডেমিক কাউন্সিলের সহকারী অধ্যাপক ক্যাটাগরিতে শিক্ষক প্রতিনিধি নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক মুহাঃ গালিব হাসান ৫৯ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। পাবিপ্রবি আইন ২০০১ এর ২১ (১) (ব) ধারা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের প্রভাষক ও সহকারী অধ্যাপকদের ভোট প্রয়োগের মাধ্যমে মুহাঃ গালিব হাসান একাডেমিক কাউন্সিলের সদস্য মনোনিত হন আগামী দুই বছরের জন্য। নির্বাচনে প্রভাষক ও সহকারী অধ্যাপক ক্যাটাগরিতে মোট ভোটার ছিলেন ৯৮ জন। নির্বাচনে প্রার্থী ছিলেন ৭৬ জন। সকাল ১০ টায় ভোট গ্রহণ শুরু হয়ে দুপুর ১ টায় শেষ হয়। গ্যালারি ২ তে উৎসবমুখর পরিবেশে শিক্ষকরা ভোট প্রদান করেন। এদিকে সকালে নির্বাচন পর্যবেক্ষণ করেন উপাচার্য অধ্যাপক ড. এম রোস্তুম আলী, উপ-উপাচার্য অধ্যাপক ড. আনোয়ারুল ইসলাম ও প্রক্টর ড. প্রীতম কুমার দাস। পাঁচ সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশনে প্রধান নির্বাচন কমিশনার ছিলেন অতিরিক্ত রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম।